

💵 সুনান আন-নাসায়ী (তাহকীককৃত)

হাদিস নাম্বারঃ ১২৭৭ [আন্তর্জাতিক নাম্বারঃ ১২৭৮]

পর্ব-১৩: সাহূ (ভুল) (كِتَاب السَّهْو)

পরিচ্ছেদঃ ৪১: সালাতে তাশাহহুদ ওয়াজিব হওয়া

باب إيجاب التشهد

আরবী

أَخْبَرَنَا سَعِيدُ بْنُ عَبْدِ الرَّحْمَنِ أَبُو عُبَيْدِ اللَّهِ الْمَخْزُومِيُّ، قَالَ: حَدَّتَنَا سُفْيَان، عَنِ الْأَعْمَشِ، وَمَنْصُورُ، عَنْ شَقِيقِ بْنِ سَلَمَة، عَنِ ابْنِ مَسْعُودٍ، قَالَ: كُنَّا نَقُولُ فِي الصَّلَاةِ قَبْلَ أَنْ يُفْرَضَ التَّشَهُّدُ: السَّلَامُ عَلَى اللَّهِ، السَّلَامُ عَلَى جِبْرِيلَ وَمِيكَائِيلَ، فَقَالَ رَسُولُ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْ وَسَلَّمَ، وَلَكِنْ قُولُوا: اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ: لَا تَقُولُوا هَكَذَا، فَإِنَّ اللَّهَ عَزَّ وَجَلَّ هُو السَّلَامُ، وَلَكِنْ قُولُوا: التَّهِ وَالصَّلَوَاتُ وَالطَّيِبَاتُ، السَّلَامُ عَلَيْكَ أَيُّهَا النَّبِيُّ وَرَحْمَةُ اللَّهِ وَبَرَكَاتُهُ، السَّلَامُ عَلَيْنَا وَعَلَى عِبَادِ اللَّهِ الصَّالِحِينَ، أَشْهَدُ أَنْ لَا إِلَهَ إِلَّا اللَّهُ وَأَشْهَدُ أَنَّ مُحَمَّدًا عَبْدُهُ وَرَسُولُهُ .

تخریج دارالدعوه: انظر حدیث رقم: ۱۱۷۱، ۱۱۷۱ (صحیح)

صحيح وضعيف سنن النسائي الألباني: حديث نمبر 1278 _ صحيح

বাংলা

১২৭৭. সা'ঈদ ইবনু 'আবদুর রহমান আবু উবায়দুল্লাহ আল মাখযুমী (রহ.) ইবনু মাস্'উদ (রাঃ) হতে বর্ণিত। তিনি বলেন, আমরা তাশাহহুদ-এর বিধান অবতীর্ণ হওয়ার আগে সালাতে বলতাম, আল্লাহর ওপর সালাম, জিবরীল ও মীকাঈল-এর ওপর সালাম। তখন রাসূলুল্লাহ (সা.) বললেন, তোমরা এরূপ বলবে না। কারণ আল্লাহ তা'আলাই স্বয়ং সালাম বরং তোমরা বলবে-

"আত্তাহিয়্যাতু লিল্লা-হি ওয়াস্ সালাওয়া-তু ওয়াত্ব তৃইয়িবা-তু, আসসালামু আলায়কা আইয়ুহান নাবিয়ু, ওয়া রহমাতুল্ল-হি ওয়া বারাকাতুহ। আসসালা-মু আলায়না- ওয়া 'আলা- 'ইবা-দিল্লা-হিস সলিহীন, আশহাদু আল্লা- ইলা-হা ইল্লাল্লা-হু ওয়া আশহাদু আলা মুহাম্মাদান আবদুহূ ওয়া রসূলুহ'' (সকল প্রকার মৌখিক, দৈহিক ও আর্থিক



'ইবাদত আল্লাহর জন্য। হে নবী! আপনার ওপর আল্লাহর সালাম, রহমত ও বরকত বর্ষিত হোক। আমাদের এবং আল্লাহর নেক বান্দাদের ওপর সালাম বর্ষিত হোক। আমি সাক্ষ্য দিচ্ছি যে, আল্লাহ ব্যতীত প্রকৃত কোন মা'বুদ নেই এবং আমি আরো সাক্ষ্য দিচ্ছি যে, নিশ্চয় মুহাম্মাদ (সা.) তাঁর বান্দা ও রসূল।)।

English

41. The Obligation Of Tashahhud

It was narrated that Ibn Mas'ud said: Before the tashahhud was enjoined, when we prayed we used to say: 'Peace (As-Salam) be upon Allah (SWT), pace be upon Jibril, peace be upon Mika'il.' The Messenger of Allah (SWT) said: 'Do not say this, for indeed Allah (SWT), the Mighty and Sublime, is As-Salam. Rather say: At-tahiyyatu lillahi wasalawatu wat-tayibaat, as-salamu 'alaika ayah-Nabiyyu wa rahmatAllahi wa baraktuhu. As-salamu 'alaina a 'ala ibad illahis-salihin, ashadu an la ilaha ill Allah, wa ashhadu anna Muhammadan 'abduhu wa rasuluhu. (All compliments, prayers and pure words are due to Allah. Peace be upon you O Prophet, and the mercy of Allah and His blessings. Peace be upon us and upon the righteous slaves of Allah. I bear witness that that none has the right to be worshipped except Allah, and I bear witness that Muhammad is His slave and messenger.)

ফুটনোট

সহীহ: বুখারী ৮৩১, মুসলিম ৪০২, ইওয়াউল গালীল ৩১৯।

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ হাদিস একাডেমি 🛘 বর্ণনাকারীঃ আবদুল্লাহ ইব্ন মাসউদ (রাঃ)

👲 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন